

গুরুদাসপুর উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন
 চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন


তারিখ : ২৭-০৪-২০২২ খ্রি. সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট - "ক"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি মহোদয় গুরুদাসপুর উপজেলা পরিষদের পক্ষ থেকে সবাইকে পবিত্র ঈদুল ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানান। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার বর্গের বিদ্রোহী আত্মার মাগফেরাত কামনা করে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকল সদস্যকে স্ব স্ব বিভাগীয় কর্মপত্র নোটিশ প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ জানান।

অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। এছাড়া নিম্নরূপ বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :-



ক্র. নং	বিভাগ/সংস্থার নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	গুরুদাসপুর পৌরসভা, নাটোর	মেয়র, গুরুদাসপুর পৌরসভা সভায় জানান যে, চাঁচকৈড় পুরাতন মাছ বাজার সংস্কার, নতুন মাছ বাজারে শেড নির্মাণ, নতুন মুরগী বাজার সংস্কার ও নতুন গরু হাট হতে কাচারীপাড়া বালুর ঘাট পর্যন্ত রাস্তা নির্মাণ করা প্রয়োজন। এনিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা।	সভায় সর্বসম্মতিক্রমে সহকারী কমিশনার ভূমিকে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	মেয়র, গুরুদাসপুর পৌরসভা, নাটোর
০২	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২২ মাসে তার বিভাগের কার্যক্রম নিম্নরূপ স্বাস্থ্য কমপ্লেক্স ০১টি, শয্যা সংখ্যা ৫০টি। বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ১১১০জন মহিলা ৩৮৫৩জন এবং শিশু ১৫৩১জন। অন্তঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ২০১জন, মহিলা ৪০৫জন, শিশু ৯৯জন। ডেলিভারী রোগীর সংখ্যা নরমাল ডেলিভারী ২৬জন, সিজারিয়ান ০৭জন। ই পি আই কার্যক্রমের আওতায় টিকা প্রাপ্ত শিশু ও মহিলার সংখ্যা শিশু ২৫৩৯জন, মহিলা ১২৮৫জন। চিকিৎসাধীন যক্ষ্মা রোগীর সংখ্যা পুরুষ ১৩জন, মহিলা ০৯জন, শিশু ০০ জন। চিকিৎসাধীন কুষ্ঠ রোগীর সংখ্যা পুরুষ নাই, মহিলা নাই, শিশু নাই। প্যাথলজী পরীক্ষার সংখ্যা ৫৯৪জন। স্বাস্থ্য শিক্ষা পুরুষ ১০২০জন, মহিলা ১৫৭৭জন। ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ০২টি বিহঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ৯০০জন, মহিলা ১৫০২জন, শিশু ২১১জন। কমিউনিটি ক্লিনিক ২০টি সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা পুরুষ ৩৩৭৯জন, মহিলা ৮৩৩৪জন, শিশু ১৩৯০ন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	গৃহীত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
০৩	উপজেলা কৃষি অফিস	উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ২০২১-২২অর্থ বছরে খরিফ-০১ মৌসুমে আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অত্র গুরুদাসপুর উপজেলায় ১৮০০ জন চাষীদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ পাওয়া গেছে। প্রনোদনা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য তিনি উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার এবং ওয়েদার স্টেশন নির্মাণের জন্য তিনি উপজেলা পরিষদের নিকট জায়গা নিধারণের অনুরোধ জানান। এ উপজেলায় সার ও বালাইনশকের পর্যাপ্ত মজুদ রয়েছে।	গৃহীত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা কৃষি অফিসার, গুরুদাসপুর, নাটোর।



০৪	উপজেলা প্রকৌশলী অফিস	<p>১.১ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ৪র্থ কিস্তিসহ সর্ব মোট বরাদ্দের পরিমাণ = ৭৮,৬৪,০০০/- (আটাত্তর লক্ষ চৌষট্টি হাজার) টাকা মাত্র। উক্ত অর্থের বিপরীতে গৃহীত প্রকল্পগুলির দরপত্র আহবান করা হয়েছে এবং আহবানকৃত দরপত্রে র অনুকূলে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচনের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।</p> <p>১.২ উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত এর আওতায় উপজেলা পরিষদের সোনালী ভবনের ১ম তলার বাম-সাইড ও ডান-সাইড মেরামতের ব্যয় বাবদ ৯,৯৯,৮৪৯/- টাকা ও বুপালী ভবনের ১ম তলার বাম-সাইড ও ডান-সাইড মেরামতের ব্যয় বাবদ ১০,০০,০০০/- টাকা। উক্ত প্রকল্প দুইটির বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স শেখ এন্টারপ্রাইজ, প্রোঃ এস.এম আব্দুল আওয়াল, খামারনাচকৈড়, গুরুদাসপুর, নাটোরকে কোটেশন মূল্য অনুমোদন ও চূড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও শারীরিক নিরাপত্তার জন্য আনসার ব্যারাকের সামনে এ্যাঞ্চার, রং করণ এবং ট্যাংকসহ পানির ব্যবস্থা নিশ্চিতকরণ যার ব্যয় বাবদ ৫,৫০,০০০/- টাকা। উক্ত প্রকল্পের বিপরীতে দাখিলকৃত সর্বনিম্ন কোটেশন দাতা চলনবিল ফিসারিজ এন্ড ডেইরীফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা, গুরুদাসপুর, নাটোরকে কোটেশন মূল্য অনুমোদন ও চূড়ান্ত বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>১.২ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সোনালী ভবনের ১ম তলার বাম-সাইড ও ডান-সাইড মেরামত করন যার মূল্য বাবদ = ৯,৯৯,৮৪৯.০০ (নয় লক্ষ নিরানব্বই হাজার আটশত ঊনপঞ্চাশ) টাকা ও বুপালী ভবনের ১ম তলার বাম-সাইড ও ডান-সাইড মেরামতের ব্যয় বাবদ ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা মাত্র এবং উক্ত প্রকল্প দুইটির অনুমোদিত সর্বনিম্ন কোটেশন দাতা মেসার্স শেখ এন্টারপ্রাইজ, প্রোঃ এস.এম আব্দুল আওয়াল, খামারনাচকৈড়, গুরুদাসপুর, নাটোরকে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত (এডিপি) খাত হতে চূড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও শারীরিক নিরাপত্তার জন্য আনসার ব্যারাকের সামনে এ্যাঞ্চার, রং করণ এবং পানির ট্যাংকসহ পানির ব্যবস্থা নিশ্চিত করন যার ব্যয় বাবদ ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র। অনুমোদিত সর্বনিম্ন কোটেশন দাতা চলনবিল ফিসারিজ এন্ড ডেইরীফার্ম, প্রোঃ মোঃ মিল্টন উদ্দিন, ধারাবারিষা, গুরুদাসপুর, নাটোরকে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত (এডিপি) খাত হতে চূড়ান্ত বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।</p>	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, গুরুদাসপুর নাটোর।
০৫	উপজেলা প্রাণী সম্পদ অফিস	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রাণী সম্পদ অফিসার, গুরুদাসপুর, নাটোর
০৬	উপজেলা মৎস্য অফিস	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ গত ২৮-আগষ্ট হতে ০৩ সেপ্টেম্বর তারিখ পর্যন্ত সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া রাজস্বখাতের আওতায় ০৭টি জলাশয়ে সর্বমোট ৩০০কৈজি পোনা অবমুক্ত করা হয়েছে। তিনি আরও জানান যে, চলবিলে নিয়মিত মোবাইল কোট পরিচালনা করা হচ্ছে। এর ফরে অবৈধ জালদ্বারা মৎস্য নিধন কারবারীদের কাছ থেকে জাল আটক ও অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হচ্ছে। নিয়মিত মাইকিং এর মাধ্যমে সচেতনতা মূলক প্রচারনা চালনা হচ্ছে যাতে অবৈধ উপায়ে মৎস্য আহরণ থেকে বিরত থাকে এবং মৎস্য সম্পদ রক্ষায় সকলে সহযোগিতা করে।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
০৭	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মোট সক্ষম দম্পতির সংখ্যা ৫৩৬৮২জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৪৬৬৯জন এবং পদ্ধতির গ্রহণকারীর হার ৮৩.২১%। পদ্ধতি বিতরণ স্থায়ী পদ্ধতি পুরুষ ০০ জন, মহিলা ২৭জন। দীর্ঘ মেয়াদী ইমপ্লানন ১০৪ জন, কপারটি ০৯জন। অস্থায়ী পদ্ধতি কন্ডম ২৩৭৮৩পিস, খাবার বড়ি ১১৪১২চক্র এবং ইনজেকটেবলস ৭৭৯ভায়াল। এছাড়া বিভিন্ন ইউনিয়নে যক্ষ্ম ও পরিবার কল্যাণ কেন্দ্রে মা ও শিশু যাক্সসেবা যথাসম্ভাব্যে চলছে। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা গুরুদাসপুর, নাটোর

হ . সই



০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস জনিত মহামারীর কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ সংসদ টেলিভিশনের মাধ্যমে অনলাইন ক্লাস নিয়মিত চলছে। এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের অনলাইন ক্লাস পরিচালনা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছ। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
০৯	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, খিদির গড়িলা সপ্রাভি এর রাস্তা নির্মাণ ও স্বাস্থ্যবিধি মেনে পাঠদান চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চললেছ। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
১০	গ্রান ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
১১	উপজেলা মহিলা বিষয়ক অফিস	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০-২১-২০২২ চক্রের উপকারভোগীদের অক্টোবর-২০২১ মাসেও পত্র যথাযথভাবে জারি করা হয়েছে। ২০২১-২২ চক্রের ভিজিডি এনজিও সিলেকশন হয়েছে। এনজিওর কর্মচারী নিয়োগ সম্পন্ন হয়েছে ভিজিডি সঞ্চয় হিসাব ১০০% নিশ্চিতসহ প্রশিক্ষণের কার্যক্রম শুরু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থ বছরে নতুন উপকারভোগী যাচাই-বাছাই ও সাক্ষাৎকার ১৩/১০/২১ খ্রিঃ তারিখে শেষ হয়েছে। উপকারভোগীর আগামী ৩০ অক্টোবর এর মধ্যে এমআইএস শেষ করার নির্দেশ রয়েছে। দরিদ্রমার মাতৃত্বকাল ভাতা কর্মসূচির আওতায় বিভিন্ন ইউনিয়নে যে সকল উপকারভোগীর বকেয়া ভাতা স্ব উপকারভোগীর হিসাবে পোষ্টিংসহ মাদার একাউন্ট এর ব্যাংক স্টেটমেন্ট সদর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম তহবিলে ঋণ চলতি মাসে ৯,৪৫০/- টাকা ঋণ আদায় হয়েছে। বকেয়া টাকা আদায়ের জন্য নোটিশ ও সার্টিফিকেট মামলার ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক, গুরুদাসপুর, নাটোর
১২	উপজেলা সমাজ সেবা অধিদপ্তর	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয় হতে ২০২১-২২ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ও বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা প্রত্যাশীদের ভাতা এবং প্রতিবন্ধী ভাতাসহ মোট ১৭,৮৫০ জন সুবিধাভোগী সুবিধা পাচ্ছেন। "ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগীদের এককালীন ৫০,০০০/- টাকা দেওয়ার আবেদন পাওয়া গেছে। ক্যান্সার ৩৬টি আবেদন, থ্যালাসেমিয়া ০১টি জন্মগত হৃদরোগীদের ০৭টি, কিডনী ১৪টি, লিভার সিরোসিস ০৪টি স্ট্রোকে প্যারালাইজড ১৬টিসহ মোট আবেদন ৭৮টি জেলা কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান খাতে ১,৬০,০০০/- টাকা পাওয়া গেছে। তিনি আরও জানান যে, ০৬টি ইউনিয়ন এবং একটি পৌরসভা মোট ০৭টি ইউনিটের প্রত্যেক ইউনিট হতে ০১জন করে অর্থাৎ প্রত্যেক ইউপি চেয়ারম্যান দিবেন ০১জন ভিক্ষুকের নাম, মেয়র, গুরুদাসপুর পৌরসভা দিবেন ০১জন ভিক্ষুকের নাম। ০২জন ভাইস চেয়ারম্যান দিবেন ০১জন+০১জন= ০২জন ভিক্ষুকের নাম। মোট ০৯জন ভিক্ষুকের নামের তালিকার সঙ্গে ভিক্ষুকের এনআইডি ফটোকপি, ০২কপি পাসপোর্ট সাইজ ছবি এবং মোবাইল নম্বরসহ আগামী ১০দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করা জন্য অনুরোধ করা হলো। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সকল ইউপি চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর

১৩	উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের মার্চ/২০২২ মাসের কর্মসূচির অগ্রগতি প্রশিক্ষণ ৬০জন ও অগ্রগতি ৪২০জন। যুবঋণ বিতরণ ৬,৬০,০০০ ও অগ্রগতি ১৮,৮০,০০০/-। চলমান আদায়যোগ্য ২,১৬,৪৮০/-টাকা ও অগ্রগতি ২২,০৮,৬১০। চলমান আদায়কৃত ১৮,৭৮১৫/-টাকা ও অগ্রগতি ১৮,০০,৫২০, চলমান আদায়ের হার-৮৬.৭৫%, অগ্রগতির হার ৮১.৫২। ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী ১৫০৬২৯/-, ক্রমপুঞ্জিত ঋণ খেলাপী ১৩৪৯১৩৬/-, চলমান মাসে কিস্তি খেলাপী আদায় ২৩৭১০/-, চলমান মাসে ঋণ খেলাপী আদায় ১৫২৭০/- তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ), গুরুদাসপুর, নাটোর।
১৪	উপজেলা পল্লী উন্নয়ন অফিস	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী মার্চ/২০২২ইং মাস পর্যন্ত অত্র বিভাগের মাধ্যমে আবর্তক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫০.০০, অর্জন ৪৭.৩৮ ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৫০.০০ অর্জন ৩৬.৭২ এবং প্রশিক্ষণ ১৪০জন। মহিলা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০.০০, অর্জন ২০.৯০, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১০০.০০ অর্জন ৫০.৭৯, সদাবিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৬০.০০, অর্জন ৪৫.৯৯, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৬০.০০ অর্জন ৪৫.৭৯, প্রশিক্ষণ-০০ জন, পল্লী প্রগতি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ১৫.৬৩, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ২৬.০০, অর্জন ১৮.৬৩, বীর মুক্তিযোদ্ধা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২.২০, অর্জন ১.০০, ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১.৮০, অর্জন ০.৮৮, প্রশিক্ষণ নাই, অপ্রধান শস্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ২৬.০৪, ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৫.০০, অর্জন ১০.৩০। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
১৫	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, গুরুদাসপুর কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় ১৫৬টি সাবমার্সিবল এর বোরিং ও পাটাতনের কাজ চলমান আছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ে নলকূপের বরাদ্দ পাওয়া গেছে ও বোরিং কাজ চলমান আছে। নতুন অফিস বিল্ডিং নির্মানের কাজ চলমান আছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে PEDP-4, GPS, NNGPS প্রকল্পের আওতায় ওয়াস রকের কাজ চলমান আছে। করোনা পরিস্থিতি মোকাবেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত হ্যান্ড ওয়াশ বেসিনে জনগণকে হাতধোয়ায় উদ্বৃত্ত করতে নিয়মিত সাবান সরবরাহ করা হচ্ছে।	সভায় গৃহিত সকল কার্যক্রম দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য নির্দেশ দেন।	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গুরুদাসপুর, নাটোর
১৬	উপজেলা পরিসংখ্যান অফিস	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ মাসে কৃষি পরিসংখ্যান বিষয়ে গম ও আনু বোরো ফসলের পূর্বভাস, তেতুল, মূলা, জলপাই, গাজর, ও মাসিক কৃষি মঞ্জুরী এর তথ্য উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর মাধ্যমে প্রাক্কলন পূর্বক জেলা দপ্তরে প্রেরণ করা হয়েছে। জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর মূল তথ্য সংগ্রহের কাজ সারা বাংলাদেশের ন্যায় অত্র উপজেলাতেও ১৫জুন হতে ২১জুন অনুষ্ঠিত হবে। জনশুমারি ও গৃহগণনা-২০২২ এর মূল তথ্য সংগ্রহের কাজ সফল করতে সকলের সহযোগিতা কামনা করছি।	গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
১৭	উপজেলা সমবায় অফিস	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আজিজ কো-অপারেটিভ কর্মাস এক্স ফাইন্যান্স ব্যাংক লিমিটেড শিরোনামে একটি সমবায় সমিতি অত্র উপজেলায় বে-আইনিভাবে শাখা অফিস খুলে কার্যক্রম আরম্ভ করেছে এবং সরেজমিনে পরিদর্শন পূর্বক দেখা যায় চাঁচকৈড় বাজারস্থ স্বপ্না গার্মেন্টস এর ২য় তলায় পুরাতন বাসষ্ট্যান্ড, গুরুদাসপুর, নাটোর এর শাখা অফিস খুলে কার্যক্রম পরিচালনার চলমান রয়েছে। উক্ত কার্যক্রম সমবায় সমিতি আইন/০১(সংশোধনী)০২, ৩ ১৩) এর ২৩(খ)(১) ধারার পরিপন্থী এবং দত্ত যোগ্য আপরাধ হিসেবে বিবেচিত। তাছাড়া একই আইনের ২৩(ক)(৩) ধারায় কোন ব্যক্তি এই ধারার কোন বিধান লংঘন করিলে অনধিক ৭(সাত) বছর কারাদন্ড বা অন্যান্য ১০ (দশ) লক্ষ টাকা	গৃহিত কার্যক্রম অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর

Z - ৩০০০ -

		<p>অর্থ দস্ত বা উভয় দস্তে দস্তিনীয় হইবেন মর্মে বিধান রয়েছে। ফলে উক্ত সমবায় সমিতির শাখা অফিসের কার্যক্রমের সাথে সম্পৃক্ত ব্যক্তিগণের সাথে আলাপ কালে হাইকোর্টের নির্দেশনা সংক্রান্ত কিছু তথ্য দাখিল করেন এবং উক্ত কাগজ-পত্র যাচাইয়াত্তে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নতুন শাখা খোলার অনুমোতি প্রদান সংক্রান্ত হাইকোর্টের কোন নির্দেশনা বিদ্যমান নাই তথাপিও উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর সাথে কোন প্রকার যোগাযোগ না করেই আজিজ কো-অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড এর অবৈধ ভাবে শাখা অফিস খুলে কার্যক্রম আরম্ভ করেছে। এহেন কার্যক্রমের প্রেক্ষিতে অত্র উপজেলার সমবায়ী কার্যক্রমের মধ্যে বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি সহ অর্থ আত্মসাত এবং তহবিল তছরূপ করার মতো ঘটনা ঘটান সমুহ সম্ভবনা রয়েছে। এমতাবস্থায়, আজিজ কো অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড এর চাচকৈড় বাজারস্থ স্থানে বে-আইনি ভাবে শাখা অফিস কার্যক্রম বন্ধ করার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থাগ্রহণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।</p>		
১৮	উপজেলা বন অফিস	<p>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়টি অতি পুরাতন নষ্ট হয়ে বসার এবং অফিসে কাজ পরিচালনা করার অযোগ্য হয়েছে। টিনসেডের ফুট্রো দিয়ে পানি পড়ে, খাতাপত্র ভিজে যায়। ওয়ালের প্লাস্টারগুলো খসে পড়ছে। দরজা জানালা নষ্ট এবং ওয়াশরুমটি ব্যবহারের অনুপযোগী। তাই বিষয়টি নিয়ে সর্বিনয়ে উপজেলা প্রশাসন ও পরিষদের দৃষ্টি আকর্ষণ করছি।</p>	<p>অফিস মোরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলীকে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</p>	<p>উপজেলা বন কর্মকর্তা, গুরুদাসপুর নাটোর।</p>
১৯	গুরুদাসপুর থানা	<p>অফিসার ইনচার্জ সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না, সভাপতি আগামী সভায় উপস্থিত হয়ে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।</p>	<p>নিয়মিত সভায় উপস্থিত হয়ে গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন</p>	<p>অফিসার ইনচার্জ, গুরুদাসপুর থানা</p>
২০	ইসলামিক ফাউন্ডেশন	<p>ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। সরকারী নির্দেশনা অনুযায়ী যাকাত আদায় করা হচ্ছে। ২০২১-২২ অর্থ বছরে ৫৪ হাজার টাকা মাত্র বিতরণ করা হচ্ছে। জুম্মার খুব্বায় বাল্যবিবাহ, মাদ্রক ও সরকারি বিভিন্ন বার্তা ইমামদের মাধ্যমে প্রচার করা হয়। দাওরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর</p>
২১	ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২)	<p>ডেপুটি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ সমিতি-২) সভায় জানান যে, গুরুদাসপুর উপজেলায় ফেব্রুয়ারী/২০২২ মাসে নতুন সংযোগ প্রাপ্ত গ্রাহক সংখ্যা আবাদিক ৩৩টি, বানিজ্যিক ০৭টি, সেচ ১৪টি, শিল্প ১৮টি, দাতব্য ০১টি ও অন্যান্য নাই মোট গ্রাহক ৫৯টি। পূর্ব সংযোগ গ্রাহক সংখ্যা ১৭১টি, সর্বমোট গ্রাহক সংখ্যা ৬৪৩৮৭জন। বিদ্যুৎ ক্রয় ৫০৪৫৫৭৮ ইউনিট, বিদ্যুৎ বিক্রয় ৪৮২৩৩২৫ ইউনিট, সিস্টেম লস ৪.৪০, (চলতিমাস) ক্রমপুঞ্জিত ৭.৯৬%, বকেয়া মাস ১.০৭ মাস। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।</p>	<p>গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>ডেপুটি জেনারেল ম্যানেজার, গুরুদাসপুর নাটোর</p>
২২	বি.এ.ডি.সি (পানাসি)	<p>উপজেলা সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) পানাসি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে গুরুদাসপুর (ক্ষুদ্রসেচ) জোনের আওতায় গুরুদাসপুর উপজেলায় বিএডিসি পানাসি প্রকল্পের মাধ্যমে সম্ভাব্য কাজগুলি ০১. বাড়িড পাইপ ৫০০মিঃ, পরিমান ১৮টি, ৯.০০কিঃমিঃ, ০২. বাড়িড পাইপ ১০০০মিঃ, পরিমান ০১টি, ১.০০কিঃমিঃ, ০৩. খাল পুনঃখনন ৪১.০০কিঃমিঃ ০৪. পাম্প ঘর মেরামত নাই, ০৫. ১কিউসেক এলএলপি ১০টি ০৬. ২কিউসেক এলএলপি ০২টি, ০৭. ডাগঅয়েল ০৭টি, ০৮. বক্র কালভার্ট ০২টি, ০৯. সাবমার্জ আরসিসি রাস্তা ৩.১২০কিঃমিঃ। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>সহকারী প্রকৌশলী পানাসি, গুরুদাসপুর জোন, নাটোর</p>
২৩	বি.এম.ডি. এ (বরেন্দ্র)	<p>উপজেলা সহকারী প্রকৌশলী (বিএমডিএ) বরেন্দ্র বড়াইগ্রাম জোন সভায় যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।</p>	<p>গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>সহকারী প্রকৌশলী বরেন্দ্র, বড়াইগ্রাম জোন, নাটোর</p>

২৪	আমার বাড়ি আমার খামার প্রকল্প	উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র কার্যালয়ের সমিতির সংখ্যা ২১৬টি, সমিতির সদস্য সংখ্যা ১০,৩৬১জন। সঞ্চয় জমা ৪,৬৩,৪২,০০০/-টাকা। সদস্যদের মাঝে ঋণবিতরণ ৪২,১৯,২৭,০০০/-টাকা। ঋণ আদায়ের পরিমাণ ২৬,৭৪,২৮,০০০/-। ঋণ আদায়ের হার ৭১%।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গুরুদাসপুর নাটোর।
২৫	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সভায় জানান যে, ক্ষুদ্রঋণ কার্যক্রম- চলতি মাসে সদস্য ভর্তি-২৩জন, ঋণী সদস্য-৫১জন, ঋণ বিতরণ ১৪.৬৬, ঋণ আদায়- ১৪.৯১, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় আদায় ২.১৭। ক্ষুদ্র উদ্যোক্তা-ঋণী সদস্য-০৩জন, ঋণ বিতরণ-৪.২০, ঋণ আদায়-৭.৪০, আদায়ের হার- ৯৭%, সঞ্চয় জমা নাই। প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের শস্য সংরক্ষণ- ঋণী সদস্য-০৫জন, ঋণ বিতরণ-২.৫০, ঋণ আদায়-৪.১৬, আদায়ের হার-১০০%, সঞ্চয় আদায় ০.৫৪। তিনি সভায় আরও জানান যে, অফিস কক্ষ ভাঙ্গা ও জরাজীর্ণ সেগুলো মেরামত করা প্রয়োজন। তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নাই।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা
২৬	উপজেলা পল্লী জীবিকায়ন অফিস	উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠন নাই, মাসে অগ্রগতি নাই ক্রমবর্ধিত অগ্রগতি ১২১টি, অগ্রগতির হার ১০০%, সদস্য ভর্তি বছরের লক্ষ্যমাত্রা ০৮, মাসে অগ্রগতি ৪৩, ক্রমবর্ধিত অগ্রগতি ৪১২৩, হার ১১৪%, শেয়ার আদায় বছরের লক্ষ্যমাত্রা .৬৯, মাসে অগ্রগতি .৬৫, ক্রমবর্ধিত অগ্রগতি ৬.৯৯, হার ৮৪%, সঞ্চয় আদায় বছরের লক্ষ্যমাত্রা ৩.২২, মাসে অগ্রগতি ১.২৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৭.৪৪, হার ২৭%, ঋণ বিতরণ বছরের লক্ষ্যমাত্রা ৯৯.০০, মাসে অগ্রগতি ৫২.৬৯, ক্রমবর্ধিত অগ্রগতি ১৪৮৯.৬৫, হার ৫৩%, ঋণ আদায় বছরের লক্ষ্যমাত্রা ১১০.২৩, মাসে অগ্রগতি ৬৩.৪৮, ক্রমবর্ধিত অগ্রগতি ১৬৩৮.০১, হার ৯৭%।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
২৭	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, ৩২৩.০৪০ মে. টন চাল খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় হত দরিদ্রদের মাঝে ৩০কেজি হারে ১০টাকা কেজি খাদ্যশস্য বিতরণ চলছে। ওএমএস কর্মসূচী গুরুদাসপুর পৌরসভায় চাল বিতরণ চলমান। ভিজিডি খাতে ৭৬.২৬০মে. টন চাল ইউনিয়ন পরিষদ কর্তৃক বিতরণ হয়েছে। ভিজিডি খাতে ১৪৮.৮৬০ মে. টন চাল ও পৌরসভা ৪৬.২১ মে. টন চাল বিতরণ চলমান। বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ইপি খাতে ০.২৮১মে. টন চাল ও গম ০.২৫২মে. টন উত্তোলন হবে।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গুরুদাসপুর, নাটোর
২৮	উপজেলা আনসার ভিডিপি অফিস	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে অল্পসহ মৌলিক প্রশিক্ষণে ১০ জন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে ০৯জন প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়েছে। নিজস্ব ভবন নির্মাণের জন্য প্রাপ্ত জমির রেজুলেশন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর
২৯	উপজেলা রিসোর্স সেন্টার	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, লক্ষ্যমাত্রা মোতাবেক বিদ্যালয় পরিদর্শন ও প্রতিবেদন প্রদান করা হচ্ছে। জেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ, নাজিরপুর ইউনিয়নে ট্যাগ অফিসারের দায়িত্ব পালন, উপজেলা পর্যায়ে প্রধান শিক্ষকদের মাসিক সভায় অংশগ্রহণ, প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করা, প্রাথমিক বিজ্ঞান (ডিউপটিসহ) বিষয়ের উপর ৬০টি প্রাথমিক বিদ্যালয় থেকে ৬০জন শিক্ষকের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গুরুদাসপুর, নাটোর
৩০	উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস	স্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান যে, এপ্রিল/২০২২ মাসের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অপারেশনাল কর্মকর্তার তথ্য হরদমা ফায়ার সার্ভিস কর্তৃক অগ্নি নির্বাপনে সম্পদের ক্ষতির পরিমাণ ৪০,০০০/- ও উদ্ধারের পরিমাণ ২,০০,০০০/-, কাছিকটা জনগণ কর্তৃক উদ্ধার, নাদো সৈয়দপুর ক্ষতির পরিমাণ ৫০,০০০/- ও উদ্ধারের পরিমাণ ১,৬০,০০০/-, সাপগাড়ী ও নাড়িবাড়ি জনগণ কর্তৃক উদ্ধার। এছাড়া করোনা ভাইরাস পরিস্থিতিতে জনসচেতনতামূলক প্রচারনা অব্যাহত এবং যেকোন দুর্যোগ-দূর্ঘটনা মোকাবেলায় প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদি প্রস্তুত রাখা হয়েছে।	গৃহিত সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	স্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গুরুদাসপুর, নাটোর




৩১	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	উপজেলা ফ্যাসিলিটের, গুরুদাসপুর, নাটোর সভায় জানান যে, অবকাঠামো উন্নয়নের ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার কাজ চলমান। এছাড়া তিনি সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা সক্ষমতা ও অবকাঠামো উন্নয়নের জন্য বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ থেকে দশ লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের পিএসসি প্রস্তাবনা নিম্নরূপঃ ১. কোভিড কালীন সময়ে ১০ থেকে ১৯ বছর বয়সী মেয়েদের বয়ঃসঙ্গিকালীন এবং মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, ২. করোনা মোকাবেলায় স্বাস্থ্যকর্মী, পল্লী চিকিৎসক ও স্থানীয় জনগণের করণীয় বিষয়ক প্রশিক্ষণ, ৩. কেভিড -১৯ মোকাবেলায় স্থানীয় ব্যবসায়ী ও ক্রেতা সাধারণের জন্য ভোক্তা অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ, ৪. বেকার যুবক ও যুবতীদের মোটোরযান চালনা বিষয়ক প্রশিক্ষণ, ৫. ফ্রি ল্যান্ডিং/ আউটসোর্সিংএর মাধ্যমে বেকার যুবদের আত্ম-কর্মসংস্থানের সক্ষমতা বৃদ্ধি প্রশিক্ষণ ও ৬. ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও সাধারণ বেকার যুবক/যুবতীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ। এছাড়া ৫০ লক্ষ টাকার জন্য অবকাঠামো উন্নয়ন দুটি প্রকল্প পিএসসি মিটিংয়ে নির্বাচিত হয়, যাহা নিম্নরূপঃ ১. ভবন নির্মাণ, ২. হাই লো বেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে সক্ষমতা উন্নয়নের জন্য ৬টি প্রকল্প এবং অবকাঠামো উন্নয়নের জন্য ২টি প্রকল্প নেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট উপজেলা কর্মিটি, গুরুদাসপুর, নাটোর
৩২	বিবিধ-১	চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, এপ্রিল-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-, ও কমিটি সভার আপায়ন বাবদ ৮,০০০/- টাকা সভায় অনুমোদন প্রয়োজন। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনান্তে ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হলো।	উপজেলা পরিষদের এপ্রিল-২০২২ মাসের আপায়ন বাবদ ৩০,০০০/-, আনুসঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-, ও কমিটি সভার আপায়ন বাবদ ৮,০০০/- টাকা ব্যয় হয়েছে; যাহা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর।
৩৩	বিবিধ-২	চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ জনস্বাস্থ্য প্রকৌশল ভবন ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা-১০০০, প্রকল্প পরিচালক, মহোদয়ের অফিস স্মারক নং-৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৫).২০২২-৫১৮৯ তারিখ ২৭/০৩/২০২২ইং তারিখে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় ২০২১-২০২২ইং অর্থ বছরে (৫ম পর্যায়) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় (১) ধানুড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে নতুন লাইব্রেরী ও বিজ্ঞান ভবন নির্মাণ, (২) ০৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ১৫৪ জোড়া হাই-লো বেঞ্চ সরবরাহ এবং (৩) নাজিরপুর ইউনিয়নের রাস্তার পার্শ্বে ৩০০ মিটার ড্রেন নির্মাণ (দুধ গাড়া আবেদ আলীর বাড়ীর নিকট হতে নন্দকুঁজা নদী পর্যন্ত)। উক্ত প্রকল্প গুলি বাস্তবায়নের জন্য (ভ্যাট ও আয়কর ব্যতীত) মোট =৫০,০০,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত প্রকল্প গুলিনিয়ে অদ্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে (১) ধানুড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে নতুন লাইব্রেরী ও বিজ্ঞান ভবন নির্মাণ, (২) ০৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ১৫৪ জোড়া হাই-লো বেঞ্চ সরবরাহ এবং (৩) নাজিরপুর ইউনিয়নের রাস্তার পার্শ্বে ৩০০ মিটার ড্রেন নির্মাণ (দুধগাড়া আবেদ আলীর বাড়ীর নিকট হতে নন্দকুঁজা নদী পর্যন্ত)। উক্ত প্রকল্প গুলি Open Tendering (OTM) মাধ্যমে দরপত্র আহবান পূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ করা হলো।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ আনোয়ার হোসেন)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 গুরুদাসপুর, নাটোর
 ফোনঃ ০৭৭২৪-৭৪৪২৭


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গুরুদাসপুর, নাটোর

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০২.০০১.১৭. ৪০৩ (৪৫)

তারিখ : ২৭-০৪-২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৬১ নাটোর-৪ (গুরুদাসপুর-বড়াইগ্রাম)।
- ০২। সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, নাটোর।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
- ০৫। মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর, নাটোর।
- ০৬। উপজেলা ----- অফিসার, গুরুদাসপুর, নাটোর।
- ০৭। চেয়ারম্যান, নাজিরপুর/বিয়াঘাট/খুবজিপুর/মশিন্দা/ধারাবারিষা/চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
- ০৮। অফিস নথি।


(মোঃ তমাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গুরুদাসপুর, নাটোর
ফোনঃ ০৭৭২৪-৭৪০০১

উপস্থিত সদস্যে বৃন্দের নাম পরিশিষ্ট “ক” সভার তারিখ : ২৭-০৪-২০২২ খ্রি.

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব আলহাজ্ব অধ্যাপক মোঃ আব্দুল কুদ্দুস, মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬১, নাটোর-৪ (গুরুদাসপুর-বড়াইগ্রাম), নাটোর।	স্বাক্ষরিত
২	জনাব মোঃ আনোয়ার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর	,,
৩	জনাব মোঃ তমাল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর	,,
৪	জনাব মোঃ শাহনেওয়াজ আলী মোল্লা, মেয়র, গুরুদাসপুর পৌরসভা, গুরুদাসপুর, নাটোর	,,
৫	জনাব মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর	,,
৬	জনাব মোছাঃ রোকসানা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর	,,
৭	চেয়ারম্যান, ০১নং নাজিরপুর ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	,,
৮	চেয়ারম্যান, ০৪নং মশিন্দা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	,,
৯	চেয়ারম্যান, ০৬নং চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	,,
১০	প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১১	উপজেলা কৃষি কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১২	প্রতিনিধি, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১৩	উপজেলা প্রকৌশলী, গুরুদাসপুর, নাটোর	,,
১৪	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১৫	প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১৬	প্রতিনিধি, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১৭	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১৮	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
১৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
২০	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গুরুদাসপুর, নাটোর	,,
২১	উপজেলা সমবায় কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
২২	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
২৩	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, গুরুদাসপুর, নাটোর	,,
২৪	ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২, গুরুদাসপুর, নাটোর	,,
২৫	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গুরুদাসপুর, নাটোর	,,
২৬	উপজেলা পল্লী দারিদ্র কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
২৭	উপজেলা সহকারী প্রকৌশলী (পানাসি), গুরুদাসপুর, নাটোর	,,
২৮	উপজেলা বন কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
২৯	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গুরুদাসপুর, নাটোর	,,
৩০	স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, গুরুদাসপুর, নাটোর	,,
৩১	সহকারী প্রকৌশলী (বরেন্দ্র), বড়াইগ্রাম, গুরুদাসপুর, নাটোর	,,